



সম্প্রসারণ বার্তা



মাসিক সম্প্রসারণ বার্তা রেজি: নং ডিএ-৪৬২ □ ৪৬তম বর্ষ □ চতুর্থ সংখ্যা □ শ্রাবণ-১৪২৯, জুলাই-আগস্ট ২০২২ □ পৃষ্ঠা ৮

এসডিজি অগ্রযাত্রায় কৃষিতে
অর্জন ও করণীয় ...

২

ফরিদপুর ও বরিশাল অঞ্চল ডাল
ও তেল ফসল ...

৩

কৃষিতে বিনিয়োগ করে ভাগ্যের
পরিবর্তন ...

৫

ফুলবাড়ীয়ায় কৃষিমেলা ২০২২
অনুষ্ঠিত ...

৬

প্রথমবার এআইপি : আবেগে আপ্ত অভিবৃত্ত সম্মাননা প্রাপ্ত ১৩ জন

কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রথমবারের মতো 'কৃষিক্ষেত্রে গুরুত্বপূর্ণ ব্যক্তি (এআইপি)-২০২০ সম্মাননা পেয়েছেন ১৩ জন। কৃষিকাজ করে এ রকম জাতীয় স্বীকৃতি পাওয়ায় অভিবৃত্ত ও আবেগে আপ্ত হয়েছেন সম্মাননা প্রাপ্তগণ। ২৭ জুলাই ২২ বুধবার সকালে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে আনুষ্ঠানিকভাবে কৃষিক্ষেত্রে গুরুত্বপূর্ণ ব্যক্তি (এআইপি) সম্মাননা প্রদান করা হয়। মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ সম্মাননা প্রদান করেন।

এসময় মাননীয় কৃষিমন্ত্রী বলেন, দেশের কৃষির সাফল্যের অন্যতম এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩



কৃষিক্ষেত্রে গুরুত্বপূর্ণ ব্যক্তি (এআইপি) সম্মাননা ২০২০ উপলক্ষে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন

দেশে খাদ্য সংকট হবে না, আর দেশ শ্রীলঙ্কার
মতোও হবে না : মাননীয় কৃষিমন্ত্রী

খাদ্যের জন্য কোনক্রমেই বিদেশের ওপর
নির্ভরশীল থাকা যাবে না : মাননীয় কৃষিমন্ত্রী



মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি বিএআরসি মিলনায়তনে বীজ বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখছেন

মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি বলেছেন, দেশে খাদ্য সংকট হবে না, আর দেশ শ্রীলঙ্কার মতোও হবে না। ২৪ জুলাই ২০২২

রোববার বিকেলে রাজধানীর খামারবাড়িতে বিএআরসি মিলনায়তনে বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ বিতরণ অনুষ্ঠানে মাননীয় কৃষিমন্ত্রী এরপর পৃষ্ঠা ৭ কলাম ১



রাজশাহী শিল্পকলা একাডেমি মিলনায়তনে বরেন্দ্র অঞ্চলে তেল ফসল ও ধানের উৎপাদন বৃদ্ধি শীর্ষক কর্মশালায় বক্তব্য রাখছেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি

মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি বলেছেন খাদ্যের জন্য কোনোক্রমেই বিদেশের উপর নির্ভরশীল থাকা যাবে না। ভবিষ্যতে খাদ্য নিরাপত্তা টেকসই করা বিরাট চ্যালেঞ্জ। এই মুহূর্তে দেশে সাড়ে

১৬ কোটি মানুষ। অন্যদিকে কৃষি জমি কমছে। এ অবস্থায়, এই কঠিন চ্যালেঞ্জ মোকাবেলা করতে হলে কৃষিকে বিজ্ঞানভিত্তিক করতে হবে, যান্ত্রিক করতে হবে, আধুনিক করতে হবে। এরপর পৃষ্ঠা ৫ কলাম ৩

এসডিজি অগ্রযাত্রায় কৃষিতে অর্জন ও করণীয় শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের সহযোগিতায় এবং এসডিজি সেল, ডিএইর সার্বিক ব্যবস্থাপনায় ২১ জুন ২০২২ বিএআরসি মিলনায়তন, ফার্মগেট, ঢাকায় টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অগ্রযাত্রায় কৃষিতে অর্জন ও করণীয় শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান

সমতা নিশ্চিতকরণ বিষয়ে উপস্থাপন করেন জনাব ফারহানা হাফিজ, জেভার এক্সপার্ট, National Resilience Programme (NRP), UN Women এবং এসডিজি বাস্তবায়নে ডিএইর অর্জন ও করণীয় বিষয়ে উপস্থাপন করেন জনাব মোঃ হুমায়ুন কবীর, ফোকাল পারসন, এসডিজি অ্যাফেয়ার্স, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।



বিএআরসি মিলনায়তনে কর্মশালায় বক্তব্য রাখছেন জনাব মোঃ রুহুল আমিন তালুকদার, অতিরিক্ত সচিব, পিপিসি অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ রুহুল আমিন তালুকদার, অতিরিক্ত সচিব, পিপিসি অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়।

কর্মশালায় 'এসডিজি বাস্তবায়ন ও বাংলাদেশ শ্রেষ্ঠিত' বিষয়ে উপস্থাপন করেন জনাব মোঃ মাহবুবুল হক পাটওয়ারী, অতিরিক্ত সচিব, দারিদ্র্য বিশ্লেষণ ও পরিবীক্ষণ অনুবিভাগ, জিইডি, পরিকল্পনা কমিশন; 'এসডিজি ও কৃষি' শিরোনামে উপস্থাপন করেন মোহাম্মদ ইয়ামিন খান, উপসচিব, নীতি-৩ শাখা, পিপিসি অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়; কৃষিতে জেভার

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইংয়ের পরিচালক জনাব দিলীপ কুমার অধিকারীর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব তারিক মাহমুদুল ইসলাম, প্রকল্প পরিচালক, সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্প, ডিএই। এ ছাড়াও কর্মশালায় কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর সংস্থার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, এসডিজি বিষয়ক ফোকাল পারসন ও আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

কৃষিবিদ মোঃ হুমায়ুন কবীর, ফোকাল পারসন, ডিএই

রংপুরে ১৫ দিনব্যাপী বিভাগীয় বৃক্ষমেলার উদ্বোধন

পঞ্চম পাতার পর

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা জলবায়ুর পরিবর্তন জনিত দুর্যোগ মোকাবেলায় বাড়ির আঙ্গিনা, অফিস-আদালতসহ সকল পতিত জমিতে গাছ লাগানোর আহ্বান জানানো হয়। সেই সাথে রোপণ করা গাছ যেন সুন্দরভাবে বেড়ে উঠতে পারে সে লক্ষ্যে গাছের

সঠিক পরিচর্যার উপর গুরুত্বারোপ করা হয়। সামাজিক বন বিভাগ রংপুর বিভাগীয় কার্যালয় ও জেলা প্রশাসনের যৌথ উদ্যোগে এ মেলায় নার্সারিসহ বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের ফলদ, বনজ, ঔষধি ও শোভাবর্ধনকারী গাছ নিয়ে ৬০টি স্টল রয়েছে।

কৃষিবিদ মো. শাহাদাৎ হোসেন, কৃতসা, রংপুর



৭ আগস্ট ২০২২ রোববার কুমিল্লা শহরের শিল্পকলা একাডেমি মিলনায়তনে সিলেট, কুমিল্লাসহ পাহাড়ি অঞ্চলে তেল ফসল ও ধানের উৎপাদন বৃদ্ধি শীর্ষক কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) এ কর্মশালায় আয়োজন করে।

শ্রেয় বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

ঝালকাঠির রাজাপুরে ফসল উৎপাদনে সফল কৃষকদের পুরস্কার বিতরণ

ঝালকাঠির রাজাপুরে ২৭ জুলাই ২০২২ উপজেলা কৃষক প্রশিক্ষণ কক্ষে উপজেলা কৃষি অফিসের উদ্যোগে কৃষকদের পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) বরিশাল অঞ্চলের অতিরিক্ত পরিচালক জনাব হৃদয়েশ্বর দত্ত।

প্রধান অতিথি কৃষকদের উদ্দেশ্যে বলেন, আধুনিক চাষাবাদ করলে ফসলের উৎপাদন আশানুরূপ হয়। ফসল উৎপাদনে অবদান রাখার জন্য এ পুরস্কার অন্যরাত উৎসাহিত হবে। তিনি কৃষি বিষয়ক যেকোনো সমস্যা কিংবা পরামর্শের জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাদের সাথে যোগাযোগ

করার জন্য তাদের আহ্বান জানান। অনুষ্ঠানে উপজেলা কৃষি অফিসার মো. রিয়াজ উল্লাহ বাহাদুরের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন ডিএইর উপপরিচালক মো. মনিরুল ইসলাম। এ ছাড়াও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা, কর্মচারী, কৃষি উন্নয়ন প্রকল্পের তালিকাভুক্ত কৃষক-কৃষানি প্রমুখ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, ফসল উৎপাদনে অবদান রাখার জন্য ৫ জন কৃষকের হাতে পুরস্কারপত্র এবং স্প্রে মেশিন তুলে দেন। পুরস্কারপ্রাপ্তরা হলেন- কবিতা বেগম, মো. আজিজুল খলিফা, মতিয়ার রহমান, মো. দেলোয়ার হোসেন এবং মো. লুৎফর রহমান।

নাহিদ বিন রফিক, এআইএস, বরিশাল



কৃষকের হাতে পুরস্কারপত্র এবং স্প্রে মেশিন তুলে দিচ্ছেন প্রধান অতিথি জনাব হৃদয়েশ্বর দত্ত, অতিরিক্ত পরিচালক, বরিশাল অঞ্চল, ডিএই

রাঙ্গামাটিতে কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ বিষয়ক রোভিং সেমিনার ২০২২ অনুষ্ঠিত

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাঙ্গামাটি পার্বত্য জেলার আয়োজনে এবং কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় ০২ আগস্ট ২০২২ তারিখে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের সম্মেলন কক্ষে দিনব্যাপী কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ বিষয়ক রোভিং সেমিনার ২০২২ অনুষ্ঠিত হয়। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,

কমিটির আহ্বায়ক অংশুছাইন চৌধুরী। উদ্বোধনী পর্বে স্বাগত বক্তব্য রাখেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাঙ্গামাটি পার্বত্য জেলার অতিরিক্ত উপপরিচালক কৃষিবিদ আশ্রু মারমা। সেমিনারে কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি: বাংলাদেশ প্রেক্ষিত বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন এবং প্রকল্পের বাস্তবায়িত কার্যক্রম, চলমান কার্যক্রম ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা



সেমিনারে বক্তব্য রাখছেন প্রধান অতিথি রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের মাননীয় চেয়ারম্যান অংশুছাইন চৌধুরী

রাঙ্গামাটি পার্বত্য জেলার উপপরিচালক কৃষিবিদ তপন কুমার পালের সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের মাননীয় চেয়ারম্যান অংশুছাইন চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের সদস্য এবং কৃষি

বিষয়ে আলোকপাত করেন কৃষি তথ্য সার্ভিসের আঞ্চলিক কৃষি তথ্য অফিসার কৃষিবিদ প্রসেনজিৎ মিস্ত্রী। সেমিনারে রাঙ্গামাটি জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, জনপ্রতিনিধি, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া ব্যক্তিত্ব এবং দুই শতাধিক কৃষক কৃষাণী অংশগ্রহণ এবং মতামত ব্যক্ত করেন।

কৃষিবিদ প্রসেনজিৎ মিস্ত্রী, কৃতসা, রাঙ্গামাটি

ফরিদপুর ও বরিশাল অঞ্চলে ডাল ও তেল ফসল উৎপাদনে রাজধানীর ভূমিকা রাখবে-কৃষি সচিব



অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন সম্মানিত সচিব জনাব মোঃ সায়েদুল ইসলাম, কৃষি মন্ত্রণালয়

সম্মানিত কৃষি সচিব জনাব মোঃ সায়েদুল ইসলাম বলেছেন, বৃহত্তর ফরিদপুর ও বরিশাল অঞ্চলে পেঁয়াজ উৎপাদনে সম্পূর্ণতা অর্জনে যেমন ভূমিকা রেখেছে তেমনিভাবে ডাল ও তেল ফসল উৎপাদনে রাজধানীর ভূমিকা রাখবে। ২২ জুলাই ২০২২ সকাল ১০টায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, আঞ্চলিক কেন্দ্র মাদারীপুর আয়োজিত আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্র মাদারীপুরের সক্ষমতা বৃদ্ধি এবং বৃহত্তর বরিশাল ও ফরিদপুর অঞ্চলে ডাল ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের ইনসেপশন ওয়ার্কশপে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। তিনি আরও বলেন খাদ্য উৎপাদন অব্যাহত রাখতে প্রতিদিন আমাদের নতুন নতুন চ্যালেঞ্জ মোকাবিলা করতে হচ্ছে। আমাদের আগামীর খাদ্য ও পুষ্টির নিরাপত্তা নিশ্চিত

করতে স্টেস টলারেন্স প্রযুক্তির প্রয়োগ করতে হবে। কৃষি বিজ্ঞানীদের প্রচেষ্টায় উন্নত জাত ও প্রযুক্তি উদ্ভাবন, কৃষি উন্নয়ন কর্মীদের আন্তরিকতা ও জাতীয় বীর কৃষক ভাইদের দিন রাত পরিশ্রমসহ সম্মিলিত প্রচেষ্টার ফলে এক সময়ের খাদ্য ঘাটতির দেশ থেকে আমরা দানা জাতীয় খাদ্যে স্বয়ং সম্পূর্ণতা অর্জন করতে পেরেছি।

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট মহাপরিচালক ড. দেবশীষ সরকার এতে সভাপতিত্ব করেন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহাপরিচালক মোঃ বেনজীর আলম, বিএআরআই গাজীপুরের পরিকল্পনা ও মূল্যায়ন উইং পরিচালক ড. অর্পূব কান্তি চৌধুরী ও ডাল গবেষণা কেন্দ্র ঈশ্বরদী পাবনার পরিচালক ড. মোঃ মহিউদ্দিন। কৃষিবিদ শারমিনা শামিম, কৃতসা, খুলনা

ঢাকার ধামরাই উপজেলার কাওলাপাড়া এআইসিসিতে আইসিটির উপকরণ বিতরণ

কৃষি তথ্য সার্ভিসের আঞ্চলিক কার্যালয় ঢাকার উদ্যোগে কৃষি তথ্য সার্ভিস আধুনিকায়ন ও ডিজিটাল কৃষি তথ্য ও যোগাযোগ শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় ঢাকা জেলার ধামরাই উপজেলার কাওলাপাড়া কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্রে ১ আগস্ট ২০২২ আইসিটি মালামাল বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে উপস্থিত উপজেলা কৃষি অফিসার, কৃষিবিদ আরিফুল



অনুষ্ঠানে আইসিটি মালামাল বিতরণ করছেন প্রধান অতিথি কৃষিবিদ আরিফুল হাসান উপজেলা কৃষি অফিসার ধামরাই, ঢাকা

হাসান বলেন তথ্য প্রযুক্তির যুগে তথ্য প্রচারের কোন বিকল্প নেই। তাই সরকার ডিজিটাল কৃষি তথ্য সেবা প্রদানের লক্ষ্যে কৃষি তথ্য সেবা কেন্দ্র করছেন। তথ্য সেবা প্রদানের পাশাপাশি আইসিটি উপকরণ ব্যবহার করে উপার্জনের ব্যবস্থা করতে নানা দিকনির্দেশনা প্রদান করেন। এ সময় উপস্থিত ছিলেন মনিটরিং অ্যাড ইভ্যালুয়েশন অফিসার কৃষিবিদ মো. মাজহারুল হোসাইন, এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩

জাতীয় শোক দিবসে বিনম্র শ্রদ্ধায় বঙ্গবন্ধুকে স্মরণ

১৫ আগস্ট ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে দেশব্যাপী কৃষি মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর, সংস্থা ও পেশাজীবী সংগঠন বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ এবং দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত



ঢাকায় আকামু গিয়াস উদ্দিন মিলকী অডিটোরিয়ামে কৃষি সম্প্রদায় অধিদপ্তরের আয়োজনে দোয়া মাহফিল ও আলোচনা সভা



ঢাকায় বিএআরসি প্রাঙ্গণে কৃষি মন্ত্রণালয়ের পক্ষ থেকে বিনম্র শ্রদ্ধা




রংপুর অঞ্চলের পক্ষ থেকে গভীর শ্রদ্ধাঞ্জলি



কৃষি তথ্য সার্ভিসের প্রধান কার্যালয়ের পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলি



রাঙ্গামাটি জেলা শাখার পক্ষ থেকে বিনম্র শ্রদ্ধা



বরিশাল অঞ্চলে আলোচনা সভা ও দোয়া মাহফিল



খুলনা অঞ্চলের পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলি



আঞ্চলিক কৃষি তথ্য সার্ভিস কুমিল্লা পক্ষ থেকে বিনম্র শ্রদ্ধা

কৃষিতে বিনিয়োগ করে ভাগ্যের পরিবর্তন করা সম্ভব—মাননীয় কৃষিমন্ত্রী



কুমিল্লা বার্ডে অনুষ্ঠিত কর্মশালায় বক্তব্য রাখেন প্রধান অতিথি মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি

কৃষি মন্ত্রণালয় এবং জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও) এর আয়োজনে, ৭ আগস্ট ২০২২ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা এর কনফারেন্স হলে, কৃষি সেক্টর রূপান্তরে বিনিয়োগ শীর্ষক আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি।

মাননীয় কৃষিমন্ত্রী বলেন, বাংলাদেশকে বলা হয় পল্লী বাংলাদেশ। দেশের প্রায় ৬০-৮০ ভাগ মানুষ এখনও গ্রামে বাস করে, যাদের আয়ের উৎস কৃষি। কৃষি উৎপাদনের আধুনিক পদ্ধতি, সংরক্ষণ, সরবরাহ, বাজার ব্যবস্থাপনা ও সঠিক মূল্য প্রাপ্তি নিশ্চিত হলে দেশের অসংখ্য শিক্ষিত

যুবক কৃষি সেক্টরে বিনিয়োগ করতে আগ্রহী হবে।

কৃষি মন্ত্রণালয়ের সচিব জনাব মো. সায়েদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ড. মোঃ শাহজাহান কবীর, মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট; ড. দেবশীষ সরকার, মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট; মোঃ বেনজির আলম, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর; আঃ গাফফার খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর; মোঃ শাহজাহান, মহাপরিচালক, বার্ড, কুমিল্লা; এএফএম হায়াতুল্লাহ, চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন; মোঃ কামরুল হাসান, জেলা প্রশাসক, কুমিল্লা।

পুষ্টি কর্নার : জাম্বুরা

সংকলন- কৃষিবিদ মোহাম্মদ মারুফ, কৃতসা, ঢাকা



জাম্বুরাতে রয়েছে ভিটামিন-এ, ভিটামিন-বি১, ভিটামিন-বি২, বায়োফ্ল্যাভোনয়েডস, অ্যান্টিঅক্সিডেন্ট, হেলদি ফ্যাট, প্রোটিন এবং এনজাইমস। জাম্বুরাতে থাকা ভিটামিন-সি দাঁতের ব্যথা দূর করতে এবং দাঁতের মাড়ি শক্তিশালী করতে সাহায্য করে। সুতরাং, যাদের দাঁতের সমস্যা বেশি তারা খাদ্য তালিকায় জাম্বুরা অন্তর্ভুক্ত করুন।

রংপুরে ১৫ দিনব্যাপী বিভাগীয় বৃক্ষমেলার উদ্বোধন

‘বৃক্ষ প্রাণে প্রকৃতি- প্রতিবেশ, আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ’ প্রতিপাদ্যকে সামনে রেখে রংপুরে ১৫ দিনব্যাপী বিভাগীয় বৃক্ষমেলা শুরু হয়েছে। ১৭ জুলাই ২০২২ রোজ রোববার রংপুর জেলা প্রশাসক কার্যালয় প্রাঙ্গণে মেলার উদ্বোধন করেন বিভাগীয় কমিশনার আবদুল ওয়াহাব ভূঞা। এরপর একটি সচেতনতামূলক র্যালি নগরীর

গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে জিলা স্কুলে গিয়ে শেষ হয়।

জেলা প্রশাসক আসিব আহসানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন রংপুর রেঞ্জ ডিআইজি দেবদাস ভট্টাচার্য, পুলিশ কমিশনার আবদুল আলীম মাহমুদ, সামাজিক বন বিভাগের বিভাগীয় বন কর্মকর্তা মতনুবুর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক গোলাম রব্বানী।



রংপুর জেলা প্রশাসক কার্যালয় প্রাঙ্গণে মেলার উদ্বোধন করেন বিভাগীয় কমিশনার জনাব আবদুল ওয়াহাব ভূঞা এরপর পৃষ্ঠা ২ কলাম ১

খাদ্যের জন্য কোনক্রমেই বিদেশের ওপর নির্ভরশীল

প্রথম পাতার পর

উদ্ভাবিত জাত ও প্রযুক্তিকে দ্রুত মাঠে নিয়ে যেতে হবে। তাহলেই খাদ্য নিরাপত্তা টেকসই করা সম্ভব হবে। ২৮ জুলাই ২০২২ বৃহস্পতিবার সকালে রাজশাহী শহরের শিল্পকলা একাডেমি মিলনায়তনে রাজশাহী, রংপুর বিভাগসহ বরেন্দ্র অঞ্চলে তেল ফসল ও ধানের উৎপাদন বৃদ্ধি শীর্ষক কর্মশালায় মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) এ অনুষ্ঠানের আয়োজন করে।

কৃষি কর্মকর্তাদের দ্রুত খাদ্য উৎপাদন বৃদ্ধির আহ্বান জানিয়ে মাননীয় কৃষিমন্ত্রী বলেন, চালের উৎপাদন বৃদ্ধির জন্য ব্রি ধান ২৮সহ পুরনো জাতের ধানের পরিবর্তে নতুন উদ্ভাবিত বেশি উৎপাদনশীল জাত ব্রি ধান ৮৯, ব্রি ধান ৯২, ব্রি ধান ১০০সহ নতুন জাতগুলো কৃষকের নিকট

পৌঁছে জনপ্রিয় করা প্রয়োজন। এ জাতগুলোর ফলন বিঘাতে ৩০ মণের বেশি হয়। এগুলো চাষ করলে চালের উৎপাদন ৩০% বাড়ান সম্ভব হবে।

কৃষিসচিব মো. সায়েদুল ইসলামের সভাপতিত্বে বিএআরসির নির্বাহী চেয়ারম্যান শেখ মো. বখতিয়ার, ব্রির মহাপরিচালক শাহজাহান কবীর, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক বেনজীর আলম, বারির মহাপরিচালক দেবশীষ সরকার প্রমুখ বক্তব্য রাখেন। কর্মশালায় বিদ্যমান শস্যবিদ্যাসে তেল ফসলের অন্তর্ভুক্তি ও উচ্চ উৎপাদনশীল ধানের জাত চাষের মাধ্যমে তেল ও ধানের উৎপাদন বৃদ্ধিতে পরিকল্পনা ও করণীয় বিষয়ে ৫ টি প্রবন্ধ উপস্থাপন করা হয়। রাজশাহী ও রংপুর বিভাগের কৃষি কর্মকর্তারা এ সময় উপস্থিত ছিলেন।

প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

ফুলবাড়ীয়ায় কৃষিমেলা ২০২২ অনুষ্ঠিত

ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া উপজেলা পরিষদ চত্বরে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ফুলবাড়ীয়া, ময়মনসিংহ এর উদ্যোগে ও বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলের ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্পের সহযোগিতায় ২৫-২৭ জুলাই দিনব্যাপী কৃষি মেলা ২০২২ অনুষ্ঠিত

উপজেলা কৃষি অফিস ও কৃষকসহ সকলের সার্বিক প্রচেষ্টায়। তাই প্রত্যেককেই কৃষি মেলা থেকে একটি করে হলেও গাছ নিয়ে লাগানোর কথা বলেন।

উক্ত অনুষ্ঠানে ময়মনসিংহের ফুলবাড়ীয়া উপজেলার উপজেলা নির্বাহী অফিসার জনাব নাহিদুল



কৃষি মেলা ২০২২ উদ্বোধন করেন প্রধান অতিথি জনাব আলহাজ মোঃ মোসলেম উদ্দিন, সংসদ সদস্য, ময়মনসিংহ-০৬

হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আলহাজ মোঃ মোসলেম উদ্দিন অ্যাডভোকেট, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ময়মনসিংহ-০৬।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন আমাদের জমি দুই ফসল থেকে তিন চার ফসলে উন্নতি করা সম্ভব হয়েছে

করিমের সভাপতিত্বে স্বাগত বক্তব্য রাখেন কৃষিবিদ জেনমিন নাহার, উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ। কৃষি মেলায় বিভিন্ন নার্সারি ও এনজিও প্রতিষ্ঠান ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ, কৃষি তথ্য সার্ভিসের কর্মকর্তা, কৃষক-কৃষানী ও প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

মো: খোরশেদ আলম, কৃতঙ্গা, ময়মনসিংহ



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৩তম জন্মবার্ষিকীতে কৃষি মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের শ্রদ্ধা নিবেদন।

প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

ইউরিয়া সারের অপ্রয়োজনীয় ব্যবহার কমাতেই দাম বৃদ্ধি : মাননীয় কৃষিমন্ত্রী

শেষ পাতার পর

বাড়িয়ে ইউরিয়া সারের অপ্রয়োজনীয় ব্যবহার কমিয়ে আনার জন্য সরকার ডিএপি সারের মূল্য প্রতি কেজি ৯০ টাকা থেকে কমিয়ে ১৬ টাকা করে কৃষকদের দিয়ে যাচ্ছে। এ উদ্যোগের ফলে বিগত কয়েক বছরে ডিএপি সারের ব্যবহার দ্বিগুণ বৃদ্ধি পেয়েছে। ৪ আগস্ট ২০২২ বৃহস্পতিবার সকালে সচিবালয়ে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে সারের দাম বৃদ্ধি, মজুদসহ সার্বিক বিষয়ে সাংবাদিকদের সাথে মতবিনিময়কালে মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন। কৃষিসচিব জনাব মো সায়েদুল ইসলাম এবং মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।

মাননীয় কৃষিমন্ত্রী বলেন, ফসলের জমিতে সুষম সার প্রয়োগ খুবই গুরুত্বপূর্ণ। আমরা ইউরিয়া সারের বর্তমান ব্যবহার কমপক্ষে ২০% কমিয়ে ইউরিয়ার ব্যবহার যৌক্তিক পর্যায়ে রাখতে পারি। এতে ফসল উৎপাদনে নেতিবাচক প্রভাব পড়বে না, বরং উৎপাদন আরও বৃদ্ধি পাবে। একই সাথে, কৃষকের খরচও কমবে। এটি করতে হলে আমাদের কৃষক ভাইসহ সকলের সচেতনতা প্রয়োজন। তিনি বলেন, এ ছাড়া নন ইউরিয়া সার (টিএসপি, ডিএপি, এমওপি) বছরে ব্যবহার হয় ৩২ লাখ টনের বেশি। এর পুরোটাই বিদেশ থেকে আমদানি করতে হয়। এসব সারের দাম আন্তর্জাতিক বাজারে ৪ গুণ বেড়েছে, কিন্তু দেশে আমরা দাম বাড়াইনি। কাজেই, ইউরিয়া সারের কেজিতে ৬ টাকা দাম বৃদ্ধির ফলে ফসলের উৎপাদনে তা নেতিবাচক প্রভাব পড়বে না।

বর্তমানে দেশে চাহিদার বিপরীতে সব ধরনের সারের পর্যাপ্ত মজুদ রয়েছে উল্লেখ করে মাননীয় কৃষিমন্ত্রী

বলেন, সারের দাম বৃদ্ধিকে কেন্দ্র করে দেশের কোথাও যাতে কেউ কৃত্রিম সংকট তৈরি করতে না পারে-সে ব্যাপারে আমরা নিবিড়ভাবে মনিটর করছি। কৃত্রিম সংকট তৈরির মাধ্যমে দাম বেশি নিলে সংশ্লিষ্টদের কঠোর শাস্তির আওতায় আনা হবে। মাননীয় কৃষিমন্ত্রী বলেন, কোভিড পরিস্থিতি এবং ইউক্রেন-রাশিয়ার মধ্যে চলমান যুদ্ধের প্রভাবে বিশ্বব্যাপী সারের মূল্য অস্বাভাবিক পরিমাণে বৃদ্ধি পেয়েছে, যা ২০২০-২১ অর্থবছরের তুলনায় ০৩ থেকে ০৪ গুণ। বর্তমানে প্রতি কেজি ইউরিয়ার আমদানি ব্যয় ৮১ টাকা, টিএসপি ১০৮ টাকা, এমওপি ১০৬ টাকা এবং ডিএপিতে ১২৩ টাকা। এর ফলে বর্তমানে ভর্তুকি দাঁড়িয়েছে প্রতি কেজি ইউরিয়া ৫৯ টাকা, টিএসপি ৮৬ টাকা, এমওপি ৯১ টাকা এবং ডিএপিতে ১০৭ টাকা এবং সারে প্রদত্ত সরকারের মোট ভর্তুকিও বেড়েছে প্রায় ৪ গুণ। ২০২০-২১ অর্থবছরে যেখানে ভর্তুকিতে লেগেছিল ৭ হাজার ৭১৭ কোটি টাকা; সেখানে ২০২১-২২ অর্থবছরে লেগেছে ২৮ হাজার কোটি টাকা।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা কৃষকদেরদি, কৃষকের প্রতি রয়েছে তার পরম মমতা উল্লেখ করে মাননীয় কৃষিমন্ত্রী বলেন ২০০৯ সালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার ক্ষমতায় এসে সার, সেচ, বীজ, বালাইনাশকসহ বিভিন্ন কৃষি উপকরণ উৎপাদন, আমদানি, বিতরণসহ সার্বিক ব্যবস্থায় সুশাসন প্রতিষ্ঠা করে। কৃষি উপকরণের দাম যেমন কমিয়েছে তেমনি সহজলভ্য করে কৃষকের দোরগোড়ায় পৌঁছে দিয়েছে। ফলে গত ১৩ বছরে সারসহ অন্যান্য কৃষি উপকরণের কোন সংকট হয়নি।

প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

কৃষির সকল সেক্টরকে বিবেচনায় নিয়েই ভবিষ্যতের কান্ট্রি ইনভেস্টমেন্ট প্লান করা হবে

শেষ পাতার পর

তিনি একথা বলেন। দারিদ্র্য ও ক্ষুধা দূরীকরণে যথেষ্ট উন্নতি করেছে উল্লেখ করে মাননীয় কৃষিমন্ত্রী বলেন, সম্পদের ব্যবহার, পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও) একসাথে কাজ করার ফলে কৃষি, মৎস্য, প্রাণিসম্পদ ও বনজ সেক্টরে ফলন ও উৎপাদনশীলতা উভয় ক্ষেত্রেই যথেষ্ট অগ্রগতি সাধন হয়েছে। গবেষকরা উচ্চফলনশীল ও হাইব্রিড জাত উদ্ভাবনে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। একসময় গম ও ভুট্টার বীজ আমদানি করা হতো বর্তমানে জাত উদ্ভাবনে বিপ্লব ঘটেছে।

মাননীয় কৃষিমন্ত্রী বলেন, বরিশালের সকল জমিকে উচ্চফলনশীলতার আওতায় আনতে সেচ ব্যবস্থাপনায় যথেষ্ট পরিমাণে বিনিয়োগ করতে হবে। এ ছাড়াও সরকার মাল্টিপারপাস কোল্ডস্টোরেজ, উত্তম কৃষি ব্যবস্থাপনা, ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার, কৃষি যান্ত্রিকীকরণ-ডিজিটাইজেশন ও ইনোভেশনে বিনিয়োগ করছে। এসকল বিষয়কে

বিবেচনায় রেখেই কান্ট্রি ইনভেস্টমেন্ট প্লান তৈরি করে রোমে অনুষ্ঠিত আন্তর্জাতিক সম্মেলনে উপস্থাপন করা হবে।

কর্মশালায় মূল বিষয়বস্তুর ওপর সারসংক্ষেপ উপস্থাপন করেন অতিরিক্ত সচিব ড. মো. রুহুল আমিন তালুকদার এবং এফএওর সমন্বয়ক ইমানুন নবী খান। কৃষি মন্ত্রণালয়ের সচিব জনাব মো. সায়েদুল ইসলামের সভাপিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বিএডিসির চেয়ারম্যান এ এফ এম হায়াতুল্লাহ, ডিএইর মহাপরিচালক মো. বেনজির আলম, বরিশালের বিভাগীয় কমিশনার মো. আমিন উল আহসান, ব্রি মহাপরিচালক ড. মো. শাহজাহান করীর, বারির মহাপরিচালক ড. দেবাশীষ সরকার, এফএওর বাংলাদেশ প্রতিনিধি রবার্ট ডি সিম্পসন এবং বরিশালের জেলা প্রশাসক জসীম উদ্দীন হায়দার। কর্মশালায় কৃষকসহ সরকারি বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা অংশগ্রহণ করেন।

কৃষিবিদ মো. শাহাদাত হোসেন, কৃতসা, বরিশাল

দেশে খাদ্য সংকট হবে না, আর দেশ শ্রীলঙ্কার

প্রথম পাতার পর

এসব কথা বলেন। বাংলাদেশ সিড অ্যাসোসিয়েশন (বিএসএ) এ অনুষ্ঠানের আয়োজন করে।

চালের উৎপাদন বৃদ্ধির উপর গুরুত্বারোপ উল্লেখ করে মাননীয় কৃষিমন্ত্রী বলেন ব্রি ধান২৮সহ পুরনো জাতের ধানের পরিবর্তে নতুন উদ্ভাবিত বেশি উৎপাদনশীল জাত চাষ করতে হবে। ব্রি নতুন নতুন জাত নিয়ে এসেছে। ব্রি ধান৮৯, ব্রি ধান৯২, ব্রি ধান১০০সহ নতুন জাতগুলো বিঘাতে ৩০ মণের বেশি ফলন হয়। এটি বিরাট বিপ্লব। এ বিষয়ে সবার একত্রে কাজ করতে হবে। যাতে কৃষকের কাছে দ্রুত জাতগুলো পৌঁছায়।

সিড কোম্পানির উদ্দেশে মাননীয় কৃষিমন্ত্রী বলেন, সিড কোম্পানিগুলোকে আধুনিক হতে হবে। এখনো কিছু

কিছু কোম্পানির প্রতারণার প্রবণতা আছে সেখানে মানুষকে বিশ্বাসের জায়গায় নিয়ে আসতে হবে।

বিশেষ অতিথির বক্তব্যে কৃষিসচিব জনাব মো. সায়েদুল ইসলাম বলেন, অনেক সময় কৃষকরা নিম্নমানের বীজ কিনে প্রতারিত হয়। এতে একদিকে কৃষক ক্ষতিগ্রস্ত হয়, অন্যদিকে উৎপাদন ব্যাহত হয়। এ বিষয়ে বীজ অ্যাসোসিয়েশনকে দায়িত্বশীল ভূমিকা রাখতে হবে।

বিএসএ'র সভাপতি এম আনিস উদ দৌলার সভাপিত্বে অনুষ্ঠানে কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আব্দুল্লাহ সাজ্জাদ, বিএআরসির নির্বাহী চেয়ারম্যান শেখ মো. বখতিয়ার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক বেনজীর আলম বক্তব্য রাখেন।

প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

প্রথমবার এআইপি : আবেগে আপ্ত ও অভিবৃত্ত

প্রথম পাতার পর

কারিগর দেশের কৃষক, কৃষিবিজ্ঞানী, উদ্যোক্তা, উৎপাদনকারী, খামারিসহ কৃষির সাথে সম্পৃক্তদেরকে প্রতি বছর সম্মাননা জানানোর জন্য এআইপি একটি মহৎ উদ্যোগ। কৃষকদের সম্মান জানানোর জন্য এটি একটি নতুন উদাহরণ। এআইপি সম্মাননা প্রবর্তন কৃষিখাতে একটি নতুন অধ্যায়ের সূচনা করেছে। এর ফলে কৃষি পেশার মর্যাদা আরও বৃদ্ধি পাবে। কৃষিতে শিক্ষিত, মেধাবী ও সৃজনশীল তরুণদের আকৃষ্ট করতে চায় উল্লেখ করে মাননীয় কৃষিমন্ত্রী বলেন, এআইপি সম্মাননা দিয়ে কৃষকসহ কৃষির সাথে সম্পৃক্তদেরকে সম্মানিত করেছে, নিজেকে সম্মানিত করেছে এবং সেইসাথে জাতিকেও সম্মানিত করেছে। আগামী দিনের কৃষি বাণিজ্যিক ও সম্মানজনক পেশা হিসাবে উন্নীত করতে হবে। এ সম্মাননা এক্ষেত্রে বলিষ্ঠ ভূমিকা রাখতে সক্ষম হবে।

উল্লেখ্য, সরকার দেশে কৃষির সাফল্যের অন্যতম কারিগর কৃষক, কৃষি বিজ্ঞানী, উদ্যোক্তা, উৎপাদনকারী, খামারিসহ কৃষির সাথে সম্পৃক্তদেরকে প্রতি বছর সম্মাননা জানাতে ও তাদেরকে উৎসাহিত করতে কৃষিক্ষেত্রে গুরুত্বপূর্ণ ব্যক্তি (এআইপি) সম্মাননা প্রদানের জন্য ২০১৯ সালে এআইপি নীতিমালা প্রণয়ন করে। তার আলোকে প্রথমবার ২০২০ সালের সম্মাননা প্রদান করা হলো। এআইপি সম্মাননা প্রাপ্তগণ সিআইপিদের মতো সুযোগসুবিধা পাবেন।

বঙ্গবন্ধু কৃষি পুরস্কারে স্বর্ণপদকপ্রাপ্ত বিভাগে এআইপি সম্মাননা প্রাপ্ত মোছা. নুরুন্নাহার বেগম অনুভূতি

প্রকাশ করে বলেন, কৃষিকাজ করে এতো বড় সম্মান পাওয়া যাবে আমরা কল্পনাও করি নি। আমাকে কেউ ১০ লাখ টাকা দেক, আমি তা চাই না। কিন্তু এ সম্মাননা অনেক বড় পাওয়া। তিনি বলেন, মাটিকে ঘুষ দেয়া লাগে না। মাটির সাথে পরিশ্রম করলে, মাটি আমাদের সাথে কথা বলে। আমাদের মতো কৃষককে এতো বড় সম্মাননা দেয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে কৃতজ্ঞতা জানাই।

এআইপি সম্মাননা প্রবর্তন কৃষি খাতে একটি নতুন অধ্যায়ের সূচনা করেছে। এর ফলে কৃষি পেশার মর্যাদা আরও বৃদ্ধি পাবে।

এআইপি সম্মাননাপ্রাপ্ত বিছমিল্লাহ মৎস্য বীজ উৎপাদন কেন্দ্র ও খামারের মো. সামছুদ্দিন কালু অভিব্যক্তি প্রকাশ করে বলেন, মাছের ব্যবসা শুরু করার সময় চৌধুরী বংশের আমার এক বন্ধু মানসম্মানের ভয়ে ব্যবসায় আসে নি। আর আজকে আমার মতো একজন মাইচ্ছ বা চাড়ালাকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এআইপি সম্মানে ভূষিত করেছেন। এটি বাংলাদেশের জন্য একটি দৃষ্টান্ত। এ দেখে পুরো জাতি জাগ্রত হবে।

এআইপি সম্মাননা প্রদান অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক উপমন্ত্রী হাবিবুন নাহার। সভাপতিত্ব করেন কৃষি সচিব মোঃ সায়েদুল ইসলাম। স্বাগত বক্তব্য রাখেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ওয়াহিদা আক্তার।

প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

ঢাকার ধামরাই উপজেলার কাওলাপাড়া

তৃতীয় পাতার পর

কৃষি তথ্য সার্ভিস আধুনিকায়ন ও ডিজিটাল কৃষি তথ্য ও যোগাযোগ শক্তিশালীকরণ প্রকল্পে। আঞ্চলিক কৃষি তথ্য অফিসার, কৃষিবিদ সাবরিনা আফরোজ। আরো উপস্থিত ছিলেন ধামরাই উপজেলার কাওয়ালীপাড়া এলাকার উপসহকারী কৃষি অফিসার। উল্লেখ্য, উক্ত এআইসিসিতে ডেল ল্যাপটপ-১ টি, প্যানাসনিক প্রজেক্টর-১ টি, অ্যাভিভেশন স্ক্যানার-১ টি, ব্রাদার প্রিন্টার-১ টি ও শাওমী স্মার্ট ফোন-১ টি প্রদান করা হয়।

অপরূপা বড়ুয়া, কৃতসা, ঢাকা

বিগত ৫০ বছরে চালের উৎপাদন বেড়েছে প্রায় চার গুণ : মাননীয় কৃষিমন্ত্রী



সোনারগাঁওয়ে কনসাল্টেটিভ গ্রুপ ফর ইন্টারন্যাশনাল এগ্রিকালচার রিসার্চে (সিজিআইএআর) গবেষণা কার্যক্রমের পরিচিতি ও বাংলাদেশের সাথে অংশীদারিত্ব নিয়ে সংলাপে মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন

মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি বলেন বিগত ৫০ বছরে চালের উৎপাদন বেড়েছে প্রায় চার গুণ। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান কৃষিবান্ধব সরকার কর্তৃক সার, বীজসহ কৃষি উপকরণে বিশাল ভর্তুকি, কৃষিযন্ত্রে ভর্তুকি, গবেষণায় পর্যাপ্ত বরাদ্দ, বন্যা, খরাসহ বিভিন্ন প্রাকৃতিক

দুর্যোগে ক্ষতিগ্রস্ত কৃষকদের পুনর্বাসন কর্মসূচিসহ বহুমুখী উদ্যোগের ফলেই খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করা সম্ভব হয়েছে। ২০ জুলাই ২২ বুধবার সকালে ঢাকায় হোটেল সোনারগাঁওয়ে কনসাল্টেটিভ গ্রুপ ফর ইন্টারন্যাশনাল এগ্রিকালচার রিসার্চের (সিজিআইএআর) গবেষণা কার্যক্রমের পরিচিতি ও

বাংলাদেশের সাথে অংশীদারিত্ব নিয়ে সংলাপে প্রধান অতিথি মাননীয় কৃষিমন্ত্রী এসব বলেন। পরিবর্তিত বিশ্বপরিস্থিতির সাথে খাপখাইয়ে নিতে বাংলাদেশের মতো কৃষি প্রধান দেশগুলোকে এখন থেকে নতুন করে গবেষণা নিয়ে ভাবতে হবে উল্লেখ করে মাননীয় কৃষিমন্ত্রী বলেন

গবেষণা নিয়ে এই নতুন চিন্তাধারায় আমাদের কয়েক ধাপ এগিয়ে নিতে সহযোগিতা করতে পারে 'সিজিআইএআর'। বৈশ্বিক কৃষি গবেষণা প্রতিষ্ঠানগুলোকে আরো জোরালো কার্যক্রম নিয়ে এগিয়ে আসার আহ্বান জানান মাননীয় কৃষিমন্ত্রী।

কৃষিগবেষণা ও উন্নয়নে কাজ করে এমন ১৫টি বৈশ্বিক প্রতিষ্ঠানের সম্মিলিত প্ল্যাটফর্ম হলো সিজিআইএআর। সভায় সভাপতিত্ব করেন কৃষিসচিব মোঃ সায়েদুল ইসলাম। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী শ ম রেজাউল করিম। বিএআরসির নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, সিজিআইএআরের বোল ডিরেক্টর মার্টিন ক্রুপ, ইউএসএইডের পরিচালক ড. মোহাম্মদ খান প্রমুখ বক্তব্য রাখেন।

প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

ইউরিয়া সারের অপ্রয়োজনীয় ব্যবহার কমাতেই দাম বৃদ্ধি : মাননীয় কৃষিমন্ত্রী



সচিবালয়ে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে সাংবাদিকদের সাথে মতবিনিময়কালে মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি

মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি বলেছেন, আমরা ইউরিয়া সারের ব্যবহার হ্রাস ও ডিএপি সারের ব্যবহার বৃদ্ধিতে গুরুত্বারোপ করে যাচ্ছি। ডিএপি সার

মাটির স্বাস্থ্য রক্ষায় ও মানসম্পন্ন ফসল উৎপাদনে কার্যকর এবং পরিবেশবান্ধব। ডিএপি সারে শতকরা ১৮ ভাগ নাইট্রোজেন বা ইউরিয়া সারের উপাদান রয়েছে। সেজন্য ডিএপির ব্যবহার

এরপর পৃষ্ঠা ৬ কলাম ৩

কৃষির সকল সেক্টরকে বিবেচনায় নিয়েই ভবিষ্যতের কান্ডি ইনভেস্টমেন্ট প্লান করা হবে-মাননীয় কৃষিমন্ত্রী



কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন মাননীয় মন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি, কৃষি মন্ত্রণালয়

কৃষির সকল সেক্টরকে বিবেচনায় নিয়েই ভবিষ্যতের কান্ডি ইনভেস্টমেন্ট প্লান করা হবে বলে নিশ্চিত করেছেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। ৩ আগস্ট ২০২২ বরিশালের

হোটেল গ্রান্ডপার্ক কৃষি মন্ত্রণালয় এবং জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও) আয়োজিত 'কৃষি সেক্টর রূপান্তরে বিনিয়োগ' শীর্ষক এক কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি

এরপর পৃষ্ঠা ৭ কলাম ১

সম্পাদক : কৃষিবিদ ফেরদৌসী বেগম

কৃষি তথ্য সার্ভিসের অফসেট প্রেসে মুদ্রিত ও প্রেস ম্যানেজার কৃষিবিদ খন্দকার জালাতুল ফেরদৌস কর্তৃক প্রকাশিত, গ্রাফিক্স ডিজাইন : মনোয়ারা খাতুন
ফোন : ০২৫৫০২৮২৬০. ইমেইল : dirais@ais.gov.bd, editor@ais.gov.bd ওয়েবসাইট : www.ais.gov.bd